बीमारी (বীমারী)—রোগ
नौकर (নওকর)—চাকর
गोद (গোদ্)—কোল
बाद में (বাদ্ মেঁ)—বাদে
मर्द (মর্দ)—পুরুষ
डर (ডর্)—ভয়
बादल (বাদল)—মেঘ
जंगल (জন্‌গল্)—বন, অরণ্য
ऊम्र (উম্র)—বয়স
दुल्हा (দুল্‌হা)—বর
पूँछ (পুঁছ্)—লেজ
खूबसूरत (খুবসূরত)—সুন্দর
दर्द (দর্দ)—ব্যথা, বেদনা
धीरे से (ধীরে সে)—আস্তে
मालिक (মালিক)—প্রভু

अठन्नी (অঠন্নী)—আধুলী
पप्पड़ (পপ্পড়)—পাঁপর
अचार (অচার্)—আচার
नौकरानी (নওকরানী)—চাকরানী
काँख (কাঁখ)—কাঁখ
बारे में (বারে মেঁ)—সম্পর্কে
जेनाना (জেনানা)—স্ত্রীলোক
मछली (মছ্‌লী)—মাছ
लड़ाई (লড়াঈ)—যুদ্ধ
खेत (খেত)—জমি
लकीर (লকীর)—রেখা
दुल्हिन (দুল্‌হিন)—কনে
पसीना (পসীনা)—ঘাম
इजाजत (ইজাজত্)—আদেশ
जल्दी (জল্‌দী)—তাড়াতাড়ি
औरत (অওরত্)—নারী
मालकिन (মাল্‌কিন্)—প্রভুপত্নী

डाक और तार (ডাক্ অওর তার)—ডাক এবং তার

डाकखाना (ডাক্‌খানা)—পোষ্টাফিস্
पोस्ट मास्टर (পোস্ট মাস্টর)—পোষ্ট মাষ্টার
चिट्ठि (চিট্‌ঠী)—চিঠি
तार (তার)—টেলীগ্রাম
डाकिया (ডাকিয়া)—ডাক পিওন

लेफाफा (লেফাফা)—খাম
किराया (কিরায়া)—ভাড়া
महशुल (মহ্‌শুল)—মাশুল

पाठ—६ (পাঠ—৬)

व्याकरण (ব্যায়াকরড়্)

যে কোনও ভাষা ভালোভাবে শিক্ষা করতে হলে, সেই ভাষায় ব্যাকরণ

সম্পর্কে জ্ঞান অর্জন করতে হয়, তা না হলে ভাষা শুদ্ধভাবে বলা ও লেখা যায় না। বাংলা ভাষার মতই হিন্দী ভাষার ব্যাকরণ। তবে কিছু কিছু ক্ষেত্রে এর তফাৎ দেখা যায়। এগুলি ভালভাবে জেনে রাখা দরকার। যেমন—সর্বনাম।

বাংলা ভাষায় সর্বনামের লিঙ্গ ভেদ হয় না। স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ একই প্রকার থাকে। হিন্দীতে কিন্তু তা নয়। হিন্দী ভাষায় সর্বনাম পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ ভেদে ভিন্নরূপে ব্যবহৃত হয়।

(ক) হিন্দীতে প্রথমা বিভক্তিতে কর্তার সঙ্গে ने' (নে)-প্রত্যয় যুক্ত হয়। যেমন—আমি খেয়েছি— मैंने खाया' (মঁয়নে খায়া)। তুমি খেয়েছ— तुमने खाया' (তুমনে খায়া) ইত্যাদি।

(খ) বাংলায় 'এর' বিভক্তির স্থলে হিন্দীতে का' (কা), के' (কে), की' (কী) বিভক্তি যুক্ত হয়। যেমন--বিমলের ঘর—विमल का घर (ওয়িমল কা ঘর)। আপনার ঘর— आपके घर (আপকে ঘর), শীলার ঘর— शीला की घर (শীলা কী ঘর)। গ্রামের ছেলে—गाँव का लड़का (গাঁও কা লড়কা)। ঘরের বলদ— घर का बैल (ঘর কা ব্যয়ল্)।

(গ) কোনও কিছুর ওপরে বুঝতে হিন্দীতে पर' যুক্ত হয়। যেমন—টেবিলের ওপর— मेज पर (মেজ্ পর)। বিছানার ওপর— बिस्तरा पर (বিস্তরা পর)। ছাদের ওপর— छत पर (ছত্ পর)। চেয়ারের ওপর— कुर्सी पर (কুর্সী পর)। গাছের ওপর— पेड़ पर (পেড় পর)। ইত্যাদি।

(ঘ) বাংলায় 'এ' 'তে' বিভক্তি স্থলে হিন্দীতে में' (মেঁ) বিভক্তি যুক্ত হয়। যেমন—পথে--- सड़क में (সড়ক মেঁ)। ঘরে— घर में (ঘর মেঁ)। দোকানে—दूकान में (দূকান মেঁ)।

(ঙ) বাংলায় 'হইতে' স্থলে হিন্দীতে से' (সে) যুক্ত হয়। যেমন— গাছ থেকে—पेड़ से (পেড় সে)। তোমার নিকট হইতে—तुम से (তুম্ সে), তাহার নিকট হইতে— उस से (উস্ সে)।

সর্বনাম (সরওনাম)

বাংলার মত হিন্দীতে দু'টি বচন আছে। যেমন—एकवचन (একবচন) ও बहुवचन (ওয়হুবচন)। একটি সংখ্যা বোঝাতে একবচন এবং একের অধিক বোঝাতে, বহুবচন ব্যবহৃত হয়। হিন্দীতে সর্বনামগুলি একবচন ও বহুবচনে কি

ভাবে পরিবর্তন হয়, নিচে তার আলোচনা করা হলো।

एकबचन (একবচন)	बहुबचन (ওয়হুবচন)
मैं (ময়)—আমি	हम (হম্)—আমরা
तु (তু)—তুই	तु सब (তু সব)—তোরা
तुम (তুম্)—তুমি	तुमलोग (তুম্‌লোগ)—তোমরা
आप (আপ্)—আপনি	आपलोग (আপ্‌লোগ)—আপনারা
वह (ওয়হ্)—সে	वे (ওয়ে)—তারা, তাঁরা, তিনি
मेरा (মেরা)—আমার	हमारा (হমারা)—আমাদের
तेरा (তেরা)—তোর	तु सबका (তু সবকা)—তোদের
तुम्हारा (তুমহারা)—তোমার	तुमलोगों का (তুমলোগোঁ কা)—তোমাদের
आपका (আপকা)—আপনার	आपलोगों का (আপলোগোঁ কা)-আপনাদের
उसका (উস্কা)—তাহার	उनका (উন্‌কা)—তাঁহার, তাঁদের

उनलोगों का (উন্‌লোগোঁ কা)—উহাদের, তাহাদের
मुझको, मुझे (মুঝকো, মুঝে)—আমাকে
तुझको, तुझे (তুঝকো, তুঝে)—তোকে
तुमको, तुम्हे (তুমকো, তুমহে)—তোমাকে
आपको (আপ্‌কো)—আপনাকে
उनको, उनहे (উন্‌কো, উন্‌হে)—তাঁহাকে
उसको, उसे (উসকো, উসে)—তাহাকে
हमको, हमें (হমকো, হমেঁ)—আমাদিগকে
तु सबको (তু সব্‌কো)—তোমাদের সকলকে
तुमलोगोंको (তুম্‌লোগোঁকো)—তোমাদিগকে
आपलोगोंको (আপলোগোঁকো)—আপনাদিগকে
उनको, उन्हें (উন্‌কো, উন্‌হেঁ)—তাঁহাদিগকে (গৌরবার্থে)
उनको, उन्हें (উন্‌কো, উন্‌হেঁ)—তাহাদের

क्रिया (ক্রিয়া)

বাংলা ভাষার মতো হিন্দীতেও ক্রিয়া আছে এবং ক্রিয়ার তিনটি কাল আছে। বাংলা ভাষায় বচন ও লিঙ্গভেদে ক্রিয়ার রূপের পরিবর্তন হয় না। কি

হিন্দীতে বচন ও লিঙ্গভেদে ক্রিয়ার রূপের পরিবর্তন হয়।

বাংলার মতো হিন্দীতেও ক্রিয়ার তিনটি কাল আছে। যেমন—(১) वर्तमान (ওয়র্তমান), (২) अतीत (অতীত) এবং भविष्य (ভওয়িষ্‌ইয়)। হিন্দীতে এই তিনটি কাল, লিঙ্গ, বচন অনুসারে ক্রিয়ার ব্যবহার হয়। এ সম্পর্কে বেশ ভালভাবে জ্ঞান লাভ করতে হলে সর্বনামগুলি সম্পর্কে ভালভাবে জানতে হবে। এজন্য প্রথমে সর্বনামগুলির অলোচনা করা হয়েছে।

वर्तमान काल (ওয়র্‌তমান কাল)

হিন্দীতে বর্তমান কালে—हूँ, है, हैं, हो বিভক্তি যুক্ত করা হয়। নিচে তার উদাহরণ দেওয়া হলো। যেমন—

एकबचन (একবচন)	बहुबचन (ওয়হুবচন)
मैं हुँ (ম্যাঁয় হুঁ)—আমি হই।	हम हैं (হম্ হ্যাঁয়)—আমরা হই।
तु है (তু হ্যায়)—তুই হস্।	तुम हो (তুম হো)—তুমি হও।
आप हैं (আপ হ্যাঁয়)—আপনি হন।	आपलोग हैं (আপলোগ হ্যাঁয়)—আপনারা হন।
वह है (ওয়হ্ হ্যায়)—সে হয়।	
वे हैं (ওয়ে হ্যাঁয়)—তাঁরা বা তিনি হন।	

अतीत काल (অতীত কাল)

হিন্দীতে অতীত কালে লিঙ্গ ও বচন অনুসারে—था' थे' थी' थीं' বিভক্তি যুক্ত হয়।

एकबचन (একবচন)	बहुबचन (ওয়হুবচন)
मैं था (ম্যাঁয় থা)—আমি ছিলাম।	हम थे (হম্ থে)—আমরা ছিলাম।
तु था (তু থা)—তুই ছিলি।	तुम थे (তুম্ থে)—তুমি ছিলে।
आप थे (আপ্ থে)—আপনি ছিলেন।	आपलोग थे (আপলোগ থে)—আপনারা ছিলেন।
वह था (ওয়হ্ থা)—সে ছিল।	वे थे (ওয়ে থে)—তাহারা ছিল। তিনি ছিলেন। তাঁরা ছিলেন।

भविष्यत काल (ভওয়িষ্‌ইত কাল)

হিন্দীতে ভবিষ্যৎ কালে লিঙ্গ ও বচন অনুযায়ী— हूँगा, होगा, होगे, होंगे বিভক্তি যুক্ত হয়। যেমন—

एकबचन (একবচন)	बहुबचन (ওয়হুবচন)
मैं हुँगा। (ম্যাঁয় হুঁগা।)—আমি হইব।	हम होंगे। (হম্ হোংগে)—আমরা হইব।
तु होगा। (তুঁ হোগা।)—তুই হবি।	तुम होगे। (তুম্ হোগে।)—তুমি হবে।

आप होंगे। (আপ হোংগে।)—আপনি হবেন।

आपलोग होंगे। (আপলোগ হোংগে।)—আপনারা হবেন।

वह होगा। (ওয়হ্ হোগা।)—সে হবে। वे होंगे। (ওয়ে হোংগে।)—তিনি হবেন।

এতক্ষণ সর্বনামের সঙ্গে বর্তমান, অতীত ও ভবিষ্যৎ কালের বিভক্তিগুলি লিঙ্গ ও বচন অনুসারে দেখানো হলো। এখানে কয়েকটি ক্রিয়া লিঙ্গ ও বচন অনুসারে কিভাবে পরিবর্তিত হয়, তার আলোচনা করা হচ্ছে।

जाना (জানা)—যাওয়া—বর্তমান কাল

(একবচন—পুংলিঙ্গ)

मैं जाता हुँ। (ম্যাঁয় জাতা হুঁ।)—আমি যাচ্ছি।

तुम जाता है। (তুম জাতা হ্যায়।)—তুমি যাচ্ছ।

तु जाता है। (তু জাতা হ্যায়।)—তুই যাচ্ছিস।

वह जाता है। (ওয়হ্ জাতা হ্যয়।)—সে যাচ্ছে।

(বহুবচন—পুংলিঙ্গ)

हम जाते हैं। (হম্ জাতে হ্যাঁয়।)—আমরা যাই।

तुम जाते हो। (তুম্ জাতে হো।) -তুমি যাও।

वे जाते हैं। (ওয়ে জাতে হ্যাঁয়।)—তাঁরা যান বা তারা যায়।

এবার উপরোক্ত 'जाना' ক্রিয়াটি স্ত্রীলিঙ্গ 'जाता' স্থলে 'जाती' হবে। যেমন—

স্ত্রীলিঙ্গ একবচন—मैं जाती हूँ। (ম্যাঁয় জাতী হুঁ।)—আমি যাই ইত্যাদি।

স্ত্রীলিঙ্গ বহুবচন—हम जाती हैं। (হম্ জাতী হ্যাঁয়।)—আমরা যাই।

खाना (খানা)—খাওয়া

(বর্তমান কাল—পুংলিঙ্গ)

যদি প্রথমা বিভক্তিতে ने' প্রত্যয় যুক্ত হয়, তাহলে বাক্যগুলি নিম্নরূপ হবে।

যেমন—

मैंने खाया । (ম্যাঁয়নে খায়া।)—আমি খেলাম।

तुने खाया । (তুনে খায়া।)—তুই খেলি।

उसने खाया । (উস্‌নে খায়া।)—সে খেল।

हमने खाया । (হম্‌নে খায়া।)—আমরা খেলাম।

तुमने खाया । (তুম্‌নে খায়া।)—তোমরা খেলে।

उन्होंने खाया । (উন্‌হোঁনে খায়া।)—তাঁরা বা তারা খেলেন।

বিঃ দ্রঃ—স্ত্রীলিঙ্গে খায়া' হলে খায়ী' (খায়ী)—হবে।

অতীত কাল

হিন্দীতে অতীতকাল বোঝাতে পুংলিঙ্গ একবচনে—था (থা) বিভক্তি, পুংলিঙ্গ বহুবচনে थे (থে) যুক্ত হয়। যেমন—

(একবচন—পুংলিঙ্গ)

हम खाया था । (হম্ খায়া থা।)—আমি খেয়েছি।

तुने खाया था । (তুনে খায়া থা।)—তুই খেয়েছিস।

उसने खाया था । (উস্‌নে খায়া থা।)—সে খেয়েছে।

(বহুবচন—পুংলিঙ্গ)

हमने खाये थे । (হম্‌নে খায়ে থে।)—আমরা খেয়েছি।

तुमने खाये थे । (তুমনে খায়ে থে।)—তোমরা খেয়েছ।

तुने खाये थे । (তুনে খায়ে থে।)—তোরা খেয়েছিস।

স্ত্রীলিঙ্গ একবচনে—खायी थी (খায়ী থী) এবং বহুবচনে— खायी थीं (খায়ী থীঁ) হবে।

ভবিষ্যৎ কাল

(একবচন—পুংলিঙ্গ)

मैं खाउंगा । (ম্যাঁয় খাউংগা।)—আমি খাব।

तुम खायोगे । (তুম খায়োগে।)—তুমি খাবে।

(বহুবচন—পুংলিঙ্গ)

हम खायेंगे । (হম্ খায়েঙ্গে।)—আমরা খাব।

वे खायेंगे । (ওয়ে খায়েঙ্গে।)—তারা খাবে।

पाठ—७ (পাঠ—৭)

पद परिचय (পদ পরিচয়)

बिमल के पास कलम है । (ওয়িমল্ কে পাস কলম হ্যায়।)—বিমলের কাছে কলম আছে।

मिता अच्छी लड़की है । (মিতা অচ্ছী লড়কী হ্যায়।)—মিতা ভালো মেয়ে।

अनिल और सुनील जल्दी आता है । (অনিল অওর সুনীল জল্দী আতা হ্যায়।)—অনিল ও সুনীল তাড়াতাড়ি আসছে।

आह, मुझे जाने दो । (আহ্, মুঝে জানে দো)—আঃ, আমাকে যেতে দাও।

উপরে চারটি বাক্য দেওয়া হয়েছে। এর মধ্যে প্রথম বাক্যটিতে—बिमल কোনও ব্যক্তির নাম এবং कलम একটি বস্তুর নাম বোঝাচ্ছে।

দ্বিতীয় বাক্যে—अच्छा শব্দটি স্ত্রীলিঙ্গে अच्छी হয়েছে এবং लड़की শব্দের গুণ বোঝাচ্ছে।

তৃতীয় বাক্যে—जल्दी' শব্দটি आता' ক্রিয়ার অবস্থা বোঝাচ্ছে। और' শব্দটি অনিল ও সুনিল দুটি বাক্যকে যুক্ত করেছে। जाती है' শব্দটি দ্বারা যাওয়া বোঝাচ্ছে।

চতুর্থ বাক্যে—आह' শব্দটি দ্বারা মনের আবেগ বা দুঃখ প্রকাশ করছে।

वाक्य में व्यवहृत प्रत्येक शब्द को 'पद' कहते हैं (ওয়াক্য় মে ওয়হৃত প্রত্যেক শব্দ কো পদ কহতে হ্যায়)—বাক্যে ব্যবহৃত প্রত্যেক শব্দকে পদ বলে।

হিন্দী এবং বাংলা উভয় ভাষাতেই পদ পাঁচ প্রকার। যেমন—

১. संज्ञा (সংজ্ঞা)—বিশেষ্য। ২. विशेषण (ওয়িশেষণ্)—বিশেষণ। ৩. सर्वनाम (সর্‌ওয়নাম্)—সর্বনাম। ৪. क्रिया (ক্রিয়া)—ক্রিয়া। ৫. अव्यय (অব্‌ইয়য়্)—অব্যয়।

संज्ञा (সংজ্ঞা)—বিশেষ্য

বাংলার মতোই হিন্দীতে (संज्ञा) বিশেষ্য পাঁচ প্রকার। যেমন—(১) व्यक्तिवाचक (ওয়ক্তিওয়াচক্), (২) जातिवाचक (জাতিওয়াচক্)—জাতিবাচক। (৩) समुहवाचक (সমূহওয়াচক্), (৪) द्रव्यवाचक (দ্রব্‌ওয়াচক্) (৫) भाववाचक (ভাবওয়াচক)।

১. ব্যক্তিবাচক (ওয়ক্তিওয়াচক্)—যে বিশেষ্য দ্বারা কোনও ব্যক্তি, বস্তু বা স্থানের নাম বুঝায়। তাকে বলা হয় ব্যক্তিবাচক সংজ্ঞা (ওয়ক্তিওয়াচক্ সংজ্ঞা)। যেমন—হরেন (হরেন), এক ব্যক্তির নাম। গংগা (গন্‌গা)—একটি নদীর নাম। কিতাব (কিতাব) পুস্তক। একটি বস্তুর নাম। কলকত্তা (কলকত্তা)—কলিকাতা, একটি স্থানের নাম। সোনা (সোনা) একটি ধাতুর নাম ইত্যাদি।

২. জাতিবাচক (জাতিওয়াচক্)—এই বিশেষ্য বা সংজ্ঞা' দ্বারা এক জাতীয় সব প্রাণী বা বস্তুকে বোঝায়। যেমন—মনুষ্য (মনুষ্‌ইয়্)—মানুষ। শের (শের)—বাঘ। কুত্তা (কুত্তা)—কুকুর। পৌধা (পওধা)—চারাগাছ।

৩. সমূহবাচক (সমূহওয়াচক্)—এই বিশেষ্য দ্বারা এক জাতীয় বহু বস্তুকে একটির মতো বোঝায়।

৪. দ্রব্যবাচক (দ্রবইয়ওয়াচক্)—এই বিশেষ্য দ্বারা যে কোনও দ্রব্যকে বোঝায়।

৫. ভাববাচক (ভাব্‌ওয়াচক্)—এই বিশেষ্য দ্বারা হর্ষ, বিষাদ, ভয় প্রভৃতি মনের ভাব বোঝায়।

বিশেষণ (ওয়িশেষড়ঁ)—বিশেষণ

যে পদের দ্বারা বিশেষ্য পদের দোষ, গুণ, অবস্থা, পরিমাণ বা সংখ্যা বোঝায়, তাকে বিশেষণ বলে।

সংজ্ঞা যা সর্বনাম কী বিশেষতা বতানেবালে শব্দোঁ কো বিশেষণ কহতে হৈঁ (সংজ্ঞা ইয়া সর্‌ওয়নাম কী ওয়িশেষতা, বতানেওয়ালা শব্দোঁ কো ওয়িশেষড়ঁ কহ্‌তে হ্যাঁয়)—সংজ্ঞা বা সর্বনামের বিশেষতা বোঝানোর শব্দগুলিকে বিশেষণ বলে। যেমন—

अच्छा लड़का । (অচ্ছা লড়কা।)—ভালো ছেলে।
बुरा लड़का । (বুরা লড়কা।)—খারাপ ছেলে।
अच्छी लड़की । (অচ্ছী লড়কী।)—ভালো মেয়ে।

উপরের বাক্যগুলিতে দেখা যাচ্ছে 'अच्छा' এবং 'बुरा' শব্দ দু'টির দ্বারা লড়কা বিশেষ্য পদের দোষ গুণ বোঝা যাচ্ছে। অতএব 'अच्छा' ও 'बुरा'

আবার দেখা যাচ্ছে—অ-কারান্ত বিশেষণ পদ লিঙ্গভেদে পরিবর্তন হয় না। আবার অ-কারান্ত বিশেষণ না হলে বিশেষ্যের লিঙ্গ, বচন অনুসারে বিশেষণের পরিবর্তন হয়। যেমন—

अच्छा लड़का । (অচ্ছা লড়কা।)—ভালো ছেলে। (একবচন)
अच्छी लड़की । (অচ্ছা লড়কী।)—ভালো মেয়ে। (একবচন)
अच्छे लड़के । (অচ্ছে লড়কে।)—ভাল ছেলেগুলি। (বহুবচন)
अच्छी लड़कियाँ । (অচ্ছী লড়কিয়াঁ।)—ভাল মেয়েগুলি। (বহুবচন)

বাংলা ভাষায় যেমন অনেক সময় বিশেষ্যের পরে বিশেষণ ব্যবহৃত হয়। সেই রকম হিন্দীতেও অনেক সময় বিশেষ্যের পরে বিশেষণ ব্যবহৃত হয়। যেমন—

यह कमरा छोटा है । (ইয়হ্ কম্‌রা ছোটা হ্যায়।)—এই ঘরটি ছোট।
वह गुलाब लाल है । (ওয়হ্ গুলাব লাল হ্যায়।)—ঐ গোলাপটি লাল।

উপরের বাক্য দু'টিতে দেখা যায় 'कमरा' বিশেষ্য পদের পরে 'छोटा' বিশেষণ এবং 'गुलाब' বিশেষ্য পদের শেষে 'लाल' বিশেষণ বসেছে।

পুংলিঙ্গ বহুবচন হলে—অ-কারান্ত বিশেষণ পদ এ-কারান্ত হয় এবং স্ত্রীলিঙ্গ উভয় বচনেই ঈ-কারান্ত হয়। যেমন—

छोटा लड़का । (ছোটা লড়কা।)—ছোট ছেলে। (পুং-একবচন)
बड़े लड़के । (বড়ে লড়কে।)—বড় ছেলেরা। (পুং-বহুবচন)
बड़ी लड़की । (বড়ী লড়কী।)—বড় মেয়ে। (স্ত্রী-একবচন)
बड़ी लड़कियाँ । (বড়ী লড়কিয়াঁ।)—বড় মেয়েরা। (স্ত্রী-বহুবচন)

सर्वनाम সর্‌ওয়নাম্—সর্বনাম

সংজ্ঞা বা বিশেষ্য পদের পরিবর্তে যে পদ ব্যবহার করা হয়, তাকে सर्वनाम (সর্‌ওয়নাম)—সর্বনাম পদ বলে। সর্বনামের উদাহরণ আগেই দেওয়া হয়েছে। এখানেও কয়েকটি উদাহরণ দেওয়া হলো—मैं, हम, तु, तुम, आप, यह, वह, वे, ये क्या, कौन ইত্যাদি।

হিন্দীতে সর্বনাম ছয় প্রকার। যেমন—पुरुषवाचक (পুরুষওয়াচক), निश्चयवाचक (নিশ্চয়ওয়াচক্), अनिश्चयवाचक (অনিশ্চয়ওয়াচক্), प्रश्नवाचक (প্রশ্নওয়াচক), सम्बन्धवाचक (সম্বন্ধওয়াচক) ও निजवाचक (নিজওয়াচক)।

উপরোক্ত ছয়টি সর্বনামের মধ্যে পুরুষবাচক সর্বনামটিই বেশী ব্যবহৃত হয়। এজন্য এখানে পুরুষবাচক সর্বনামের আলোচনা করা হলো।

पुरुषवाचक सर्वनाम (পুরুষওয়াচক সর্বনাম)—তিন ভাগে বিভক্ত। যেমন—(১) उत्तमपुरुष (উত্তম-পুরুষ) (২) मध्यमपुरुष (মধ্ইয়ম্-পুরুষ) ও (৩) अन्यपुरुष (অন্ইয়-পুরুষ)।

उत्तमपुरुष (উত্তম-পুরুষ)—একবচন

मैं (ম্যাঁয়)—আমি। मेरी (মেরী)—আমার। मुझे (মুঝে)—আমাকে।

वाक्य रचना (বাক্য রচনা)

मैं निर्धारित समय पर नहीं आ सका । (ম্যাঁয় নির্ধারিত সময় পর্ নহীঁ আ সকা।)—আমি ঠিক সময়ে আসতে পারিনি।

मेरी ओर से क्षमा माँग लीजिए । (মেরী ওর্ সে ছমা মাঁগ লিজিএ।)—আমার দিক থেকে ক্ষমা চেয়ে নেবেন।

मुझे बड़ा खेद है । (মুঝে বড়া খেদ হ্যায়।)—আমি অত্যন্ত দুঃখিত।

मैं अभी आ रहा हूं । (ম্যাঁয় অভী আ রহা হুঁ।)—আমি এখনি আসছি।

मध्यमपुरुष (মধ্ইয়ম্-পুরুষ)—একবচন

तुम (তুম্)—তুমি　　तू (তু)—তুই

तुम्हे (তুম্হে)—তোমাকে　　तुझे (তুঝে)—তোকে

वाक्य रचना (বাক্য রচনা)

तुम उसके घर गये थे ? (তুম উস্‌কে ঘর গয়ে থে?)—তুমি ওদের বাড়ি গিয়েছিলে?

तुम हिन्दी पढ़ते हो ? (তুম হিন্দী পঢ়তে হো?)—তুমি হিন্দী পড়ছো?

तु कब गया ? (তু কব্ গয়া?)—তুই কবে গিয়েছিলি।

तुम कहाँ जाते हो ? (তুম্ কহাঁ জাতে হো?)—তুমি কোথায় যাচ্ছ?

अन्यपुरुष (অন্ইয়-পুরুষ)—একবচন

वह (ওয়হ্)—সে।　　यह (ইয়হ্)—এই, ইহা।

कौन (কওন)—কে। কোন্।　　जो (জো)—যে।

वाक्य रचना (বাক্য রচনা)

वह रोज अंग्रेजी पढ़ता है । (ওয়হ্ রোজ অংগ্রেজী পঢ়তা হ্যায়।)—সে প্রতিদিন ইংরাজী পড়ে।

यह मेरा किताब है । (ইয়হ্ মেরা কিতাব্ হ্যায়।)—এটি আমার বই।

कौन आया था ? (কওন্ আয়া থা?)—কে এসেছিল?

उत्तमपुरुष (উত্তম-পুরুষ)

বহুবচন—हम कल गया था । (হম্ কল্ গয়া থা।)—আমরা কাল গিয়েছিলাম।

मध्यमपुरुष (মধ্ইয়ম্-পুরুষ)

বহুবচন—तुमलोग कब गया था ? (তুম্‌লোগ্ কব্ গয়া থা?)—তোমরা কবে গিয়েছিলে?

अन्यपुरुष (অন্ইয়-পুরুষ)

বহুবচন—वे हररोज यहाँ आता हैं । (ওয়ে হর্‌রোজ ইয়হাঁ আতা হ্যাঁয়।)—তারা প্রতিদিন এখানে আসে।

উপরের বাক্যগুলিতে দেখা যায়, পুংলিঙ্গে অ-কারান্ত ক্রিয়ার পরিবর্তন হয় না। কিন্তু স্ত্রীলিঙ্গে উত্তমপুরুষ, মধ্যমপুরুষ ও অন্যপুরুষে ক্রিয়ার পরিবর্তন হয়—যেমন—मैं गयी थी (ম্যাঁয় গয়ী থী)—আমি গিয়াছিলাম। तुम गयी थी (তুম্ গয়ী থী)—তুমি গিয়েছিলে। वह गयी थी (ওয়হ্ গয়ী থী)—সে গিয়াছিল।

क्रिया (ক্রিয়া)—ক্রিয়া Verb

বাংলার মতো হিন্দীতে ক্রিয়াপদ আছে। সে কথা আগেই আলোচনা করা হয়েছে। ক্রিয়া তিনভাগে বিভক্ত অর্থাৎ তিনটি কালে বিভক্ত। যেমন वर्तमान (ওয়র্‌তমান্), अतीत (অতীত), भविष्यत (ভওয়িষ্‌ইয়ত্)।

তাছাড়াও ক্রিয়া দু'টি শ্রেণীতে বিভক্ত। যেমন—सकर्मक (সকর্মক), এবং अकर्मक (অকর্মক)।

१. सकर्मक क्रिया (সকর্মক ক্রিয়া)—যে ক্রিয়ার কর্ম থাকে, তাকে বলা হয় সকর্মক ক্রিয়া। যেমন—

राम किताब पढ़ता है । (রাম কিতাব্ পঢ়তা হ্যায়।)- রাম বই পড়ে।

मीरा तास खेलती है । (মীরা তাস খেলতী হ্যায়।)— মীরা তাস খেলছে।

पिताजी भात खाता हैं । (পিতাজী ভাত খাতা হ্যাঁয়।)—বাবা ভাত খাচ্ছেন।

माँ रोटी खाती हैं । (মাঁ রোটী খাতী হ্যাঁয়।)- -মা রুটি খাচ্ছেন।

मैं काम करता हूँ । (ম্যাঁয় কাম করতা হুঁ।)- -আমি কাজ করছি।

वे काम करते हैं । (ওয়ে কাম করতে হ্যাঁয়।)—তারা কাজ করছে।

উপরের বাক্যগুলিতে—पढ़ता, खेलती, खाता, खाती, करता, करते প্রভৃতি ক্রিয়াগুলির কর্ম হলো—किताब, तास, भात, रोटी, काम প্রভৃতি কর্ম বর্তমান। অতএব এগুলি সকর্মক ক্রিয়া।

जिस क्रिया में कर्म होता है उसे सकर्मक क्रिया कहते हैं । (জিস্ ক্রিয়া মেঁ কর্ম হোতা হ্যায় উসে সকর্মক ক্রিয়া কহ্তে হ্যাঁয়।)—যে ক্রিয়ার কর্ম আছে তাকে সকর্মক ক্রিয়া বলে।

अकर्मक क्रिया (অকর্মক ক্রিয়া)—जिस क्रिया में कर्म नहीं है उसे अकर्मक क्रिया कहते हैं । (জিস্ ক্রিয়া মেঁ কর্ম নহীঁ হ্যায় উসে অকর্মক ক্রিয়া কহতে হ্যাঁয়।)—যে ক্রিয়ার কর্ম নাই, তাকে অকর্মক ক্রিয়া বলে। যেমন—

वह खाता है । (ওয়হ্ খাতা হ্যায়।)—সে খায়।

हम करता है । (হম্ করতা হ্যায়।)—আমরা করছি।

উপরের প্রথম বাক্যে বলা হয়েছে—खाता है অর্থাৎ খাচ্ছে, কিন্তু কি খাচ্ছে তা বলা হয় নি। এজন্য বাক্যটি অকর্মক।

আবার দ্বিতীয় বাক্যে বলা হয়েছে करता है (করতা হ্যায়)—করছে, কিন্তু কি করছে, তা বলা হয়নি। এজন্য ক্রিয়াটি অকর্মক।

আবার কর্মের সমাপ্তি বা অসমাপ্তি ভেদে ক্রিয়া দু'ভাগে বিভক্ত। যেমন—
१. समापिका क्रिया (সমাপিকা ক্রিয়া) এবং २. असमापिका क्रिया (অসমাপিকা ক্রিয়া)।

१. समापिका क्रिया (সমাপিকা ক্রিয়া)—যে ক্রিয়ার সাহায্যে কর্মের শেষ বোঝা যায়, তাকে সমাপিকা ক্রিয়া বলে।

হিন্দী ব্যাকরণে বলা হয়েছে—जिस क्रिया से क्रिया की पूर्णता प्रकट होती है, उसे समापिका क्रिया कहते हैं । (জিস্ ক্রিয়া সে ক্রিয়া কী পূর্ণতা প্রকট হোতী হ্যায়, উসে সমাপিকা ক্রিয়া কহতে হ্যাঁয়।) যেমন—

अनिल खाया (অনিল খায়া)—অনিল খেয়েছে।

सुनील गया (সুনীল গয়া)—সুনীল গিয়াছে।

উপরোক্ত বাক্য দু'টিতে 'खाया' এবং 'गया' এই দু'টি ক্রিয়াপদের দ্বারা অনিলের খাওয়া কর্মটি ও সুনীলের খাওয়া কর্মটি সমাপ্ত হয়েছে বোঝা যায়। অতএব ঐ দু'টি বাক্য সমাপিকা। এই রকম যে সব কাজ শেষ হয়েছে বোঝা যায়, তাকে সমাপিকা ক্রিয়া বলে।

२. असमापिका क्रिया (অসমাপিকা ক্রিয়া)—जिस क्रिया से क्रिया की अपूर्णता प्रकट होती है, उसे असमापिका क्रिया कहते हैं । (জিস্ ক্রিয়া সে ক্রিয়া কী অপূর্ণতা প্রকট হোতী হ্যায়, উসে অসমাপিকা ক্রিয়া কহ্তে হ্যাঁয়)—যে ক্রিয়ার দ্বারা কর্মের অপূর্ণতা প্রকাশ পায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলা হয়। যেমন—

चाय पीकर आओ । (চায় পীকর্ আও।)—চা খেয়ে এসো।

भात खाकर जाओ । (ভাত্ খাকর্ জাও।)—ভাত খেয়ে যাও।

উপরের বাক্য দু'টিতে पीकर (পান করে), खाकर (খাকর)—খেয়ে, ক্রিয়া দু'টির দ্বারা কর্মের সমাপ্তি বুঝাচ্ছে না। সেজন্য এই বাক্য দু'টিকে असमापिका क्रिया (অসমাপিকা ক্রিয়া) বলে।

হিন্দীতে ক্রিয়ার সঙ্গে 'না' যোগ করা হয়। যেমন—जाना (জানা)—যাওয়া, खाना (খানা)—খাওয়া, उठना (উঠ্না)—ওঠা, बैठना (ওয়্যায়ঠনা)—বসা প্রভৃতি।

क्रियाएं (ক্রিয়ায়েঁ)—ক্রিয়াবাচক শব্দসমূহ

बैठना (ব্যায়ঠ্না)—বসা	ऊठना (উঠ্না)—উঠা
खाना (খানা)—খাওয়া	आना (আনা)—আসা
जाना (জানা)—যাওয়া	शुलापा (শুলাপা)—শোয়ানো
उतारना (উতার্না)—নামানো	उड़ना (উড়্না)—উড়া
उठाना (উঠানা)—জাগানো	चबाना (চবানা)—চিবানো

पढ़ना (পঢ়্না)—পড়া
पीटना (পীট্না)—মারা
करना (কর্না)—করা
कमाना (কমানা)—উপার্জন করা
नहाना (নহানা)—স্নান করা
गिनना (গিন্না)—গণনা করা
ढोना (ঢোনা)—বহন করা
गाना (গানা)—গান করা
तोड़ना (তোড়্না)—ভাঙ্গা
तैरना (ত্যায়র্না)—সাঁতার দেওয়া
ढकना (ঢক্না)—ঢাকা দেওয়া
खेलना (খেল্না)—খেলা
डूबना (ডুব্না)—ডোবা
खेलना (খেলনা)— খেলা
टूटना (টুট্না)—ভাঙ্গা
नफरत करना (নফরত্ কর্না)—ঘৃণা করা
घबड़ाना (ঘবড়ানা)—উদ্বিগ্ন হওয়া।
धोना (ধোনা)—ধোওয়া
तौलना (তওল্না)—ওজন করা
ढूँढ़ना (ঢুঁঢ়্না)—খোঁজা
ठहरना (ঠহর্না)—থামা
जलना (জল্না)—জ্বলা
जाँचना (জাঁচ্না)—চাওয়া
पालना (পাল্না)—পোষা
पढ़ना (পঢ়্না)—পড়া
पहनना (পহন্না)—পরা
पकाना (পকানা)—রান্না করা
पीसना (পীসনা)—পেসাই করা
पहचानना (পহচান্না)—চেনা

उठाना (উঠানা)—উঠানো
कहना (কহ্না)—বলা
पीना (পীনা)—পান করা
काँपना (কাঁপ্না)—কাঁপা
घुमना (ঘুম্না)—ঘোরা
जीना (জীনা)—বাঁচা
कुदना (কুদ্না)—লাফানো
जानना (জান্না)—জানা
चाहना (চাহ্না)—চাওয়া
छिपना (ছিপ্না)—লুকানো
खीँचना (খীঁচনা)—টানা
पकड़ना (পকড়্না)—ধরা
दौड़ना (দওড়্না)—দৌড়ানো
निकलना (নিকল্না)—বাহির হওয়া
सैरना (স্যায়রনা)—বেড়ানো
खोना (খোনা)—হারানো
चुराना (চুরানা)—চুরি করা
चलना (চল্না)—যাওয়া
छापना (ছাপ্না)—ছাপা
छोड़ना (ছোড়্না)—ছাড়া
देना (দেনা)—দেওয়া
पहुँचना (পহুঁচ্না)—পৌঁছানো
सीना (সীনা)—সেলাই করা
सोना (সোনা)—শোওয়া
लेटना (লেট্না)—শোওয়া
पुकारना (পুকার্না)—ডাকা
फेंकना (ফেঁক্না)—ছুঁড়ে ফেলা

मानना (মান্না)—শ্রদ্ধা করা
समझाना (সমঝ্না)—বোঝা
बचना (বচ্না)—বাঁচা
बोलना (বোল্না)—বলা
सजाना (সজানা)—সাজানো
लौटना (লওট্না)—ফিরে আসা
लेना (লেনা)—নেওয়া
लूटना (লূট্না)—লুঠ করা
मरना (মর্না)—মরা
लिखना (লিখ্না)—লেখা

सीखना (সীখ্না)—শেখা
सहना (সহ্না)—সহ্য করা
बेचना (বেচ্না)—বিক্রী করা
सकना (সক্না)—পারা
बुलाना (বুলানা)—ডাকা
भागना (ভাগ্না)—পালানো
भूलना (ভূল্না)—ভুল করা
भेजना (ভেজ্না)—পাঠানো
मिलना (মিল্না)—দেখা হওয়া
रहना (রহ্না)—থাকা

पाठ—८ (পাঠ—৮)

क्रिया का काल (ক্রিয়া কা কাল) ক্রিয়ার কাল

क्रिया के जिस रूप से उसके व्यापार के समय का ज्ञान होता है, उसे काल कहते हैं। (ক্রিয়া কে জিস্ রূপ সে উস্‌কে ব্যাপার কে সময় কা জ্ঞান হোতা হ্যায়, উসে কাল কহ্‌তে হ্যাঁয়।)—ক্রিয়ার যে রূপের সাহায্যে ক্রিয়া সময়ের জ্ঞান হয়, তাকে ক্রিয়ার কাল বলা হয়।

বাংলা ভাষার মতো হিন্দীতেও ক্রিয়ার তিনটি কাল। যেমন—১। वर्तमान काल (ওয়র্‌তমান কাল), ২। भूत काल (ভূত কাল)—অতীত কাল (হিন্দীতে অতীত কালকে ভূত কালও বলা হয়।) ৩। भविष्यत काल (ভওয়িষ্যইত কাল)।

१. वर्तमान काल (ওয়র্‌তমান কাল)—वर्तमान काल की क्रिया से इस समय होनेवाले काम का बोध होता है। (ওয়র্‌তমান কাল কী ক্রিয়া সে ইস্ সময় হোনেওয়ালে কাম কা বোধ হোতা হ্যায়।)—বর্তমান কালের ক্রিয়াতে ক্রিয়ার কাজটি এখনও শেষ হয়নি বোঝা যাচ্ছে। তাকে বলা হয় বর্তমান কাল। যেমন—

स्वपन खाता है । (সওপন্ খাতা হ্যায়।)—স্বপন খাচ্ছে।
तपन पढ़ता है । (তপন পঢ়তা হ্যায়।)—তপন পড়ছে।
मीना सैर करती है । (মীনা স্যায়র কর্‌তী হ্যায়।)—মীনা বেড়াচ্ছে।

উপরোক্ত তিনটি বাক্যে যথাক্রমে—खाता है, पढ़ता है, सैर करती है । ক্রিয়াপদগুলির দ্বারা খাচ্ছে, পড়ছে, বেড়াচ্ছে বোঝা যাচ্ছে, কিন্তু খাওয়া, পড়া ও বেড়ানো এখনও চলছে, শেষ হয়নি। সেজন্য এগুলি বর্তমান কাল।

হিন্দীতে বর্তমান কাল তিনভাগে বিভক্ত। যেমন—१. सामान्य वर्तमान, (সামান্ইয় ওয়র্‌তমান্)—সামান্য বর্তমান। २. तात्कालिक या अपूर्ण वर्तमान (তাৎকালিক ইয়া অপূর্‌ড় ওয়র্‌তমান্)—ঘটমান বর্তমান এবং ३. पूर्ण वर्तमान (পূর্‌ড় ওয়র্‌তমান্)—পূর্ণ বর্তমান কাল।

१. सामान्य वर्तमान (সামান্ইয় ওয়র্‌তমান্)—সামান্য বর্তমান কাল—सामान्य वर्तमान काल से व्यापार का आरंभ वर्तमान काल में हुआ है, यह बोध होता है । (সামান্ইয় ওয়র্‌তমান্ কাল সে ব্যাপার কা আরম্ভ ওয়র্‌তমান্ কাল মেঁ হুআ হ্যায়, ইয়হ্ বোধ হোতা হ্যায়।)—সামান্য বর্তমান কালের সাহায্যে কাজটি বর্তমান কালে শুরু হয়েছে এই ধারণা জন্মে। আবার যে বর্তমান কালের ক্রিয়াপদের সাহায্যে বর্তমান কালের সামান্যতা পরিলক্ষিত হয়, তাকে সামান্য বর্তমান কাল বলে।

उदाहरण (উদাহরণ)

मैं खाता हूँ । (ম্যাঁয় খাতা হুঁ।)—আমি খাচ্ছি।
हम खाते हैं । (হম্ খাতে হ্যাঁয়।)—আমরা খাচ্ছি।
तु खाता है । (তু খাতা হ্যায়।)—তুই খাচ্ছিস।
तुम खाता है । (তুম খাতা হ্যায়।)—তুমি খাচ্ছ।
वह खाता है । (ওয়হ্ খাতা হ্যায়।)—সে খাচ্ছে।

উপরের বাক্যগুলি সামান্য বর্তমান কাল। এই বাক্যগুলিতে ক্রিয়ার মূল ধাতুর সঙ্গে পুংলিঙ্গে 'তা', বহুবচনে 'তে' এবং 'হ্যায়' প্রত্যয় একবচনে ও 'হ্যাঁয়' বহুবচনে যুক্ত হয়েছে।

স্ত্রীলিঙ্গে ক্রিয়ার মূল ধাতুর সঙ্গে 'তী' যুক্ত হয়, তার কিন্তু একই প্রকার থাকে। যেমন—

मैं खाती हूँ । (ম্যাঁয় খাতী হুঁ।)—আমি খাচ্ছি।
हम खाती हैं । (হম্ খাতী হ্যাঁয়।)—আমরা খাচ্ছি।
तु खाती है । (তু খাতী হ্যায়।)—তুই খাচ্ছিস।
तुम खाती हो । (তুম্ খাতী হো।)—তুমি খাচ্ছ।
वह खाती है । (ওয়হ্ খাতী হ্যায়।)—সে খাচ্ছে।
वे खाती हैं । (ওয়ে খাতী হ্যাঁয়।)—তারা (তাহারা) খাচ্ছে।

উপরের বাক্যগুলি লক্ষ্য করলেই দেখা যাবে, ক্রিয়ার মূল ধাতুর সঙ্গে 'তী' এবং 'হুঁ', 'হ্যায়' ও 'হ্যাঁয়' যুক্ত হয়েছে।

२. तात्कालिक वर्तमान काल (তাৎকালিক ওয়র্‌তমান্ কাল)

ঘটমান বর্তমান কাল

क्रिया के जिस रूप से उसका वर्तमान काल में जारी रहना प्रकट हो, उसे तात्कालिक वर्तमान काल कहते हैं । (ক্রিয়া কে জিস্ রূপ সে উস্‌কা ওয়র্‌তমান্ কাল মেঁ জারী রহ্‌না প্রকট হো, উসে তাৎকালিক ওয়র্‌তমান কাল কহতে হ্যাঁয়।)—ক্রিয়ার যে রূপের দ্বারা বর্তমান কালে যখন কোনও কাজ চলছে বা শেষ হচ্ছে বোঝায়, তাকে তাৎকালিক বর্তমান বলে। যেমন—

मैं जा रहा हूँ । (ম্যাঁয় জা রহা হুঁ।)—আমি চলিতেছি।
कमल जा रहा है । (কমল্ জা রহা হ্যায়।)—কমল যাচ্ছে।
तुम जा रहे हो । (তুম্ জা রহে হো।)—তুমি যাচ্ছ।
हम जा रहे हैं । (হম্ জা রহে হ্যাঁয়।)—আমরা যাচ্ছি।
वह जा रहा है । (ওয়হ্ জা রহা হ্যায়।)—সে যাচ্ছে।
वे जा रहे हैं । (ওয়ে জা রহে হ্যাঁয়।)—তারা (তাহারা) যাচ্ছে।
तु जा रहा है । (তু জা রহা হ্যায়।)—তুই যাচ্ছিস।

উপরের বাক্যগুলিতে দেখা যাচ্ছে, চলা ক্রিয়াটি আরম্ভ হয়েছে বটে, কিন্তু এখনও শেষ হয়নি। কাজটি চলছে। এই রকম ক্রিয়াকে ঘটমান বর্তমান বা তাৎকালিক বর্তমান (তাৎকালিক ওয়র্‌তমান্) বলা হয়।

তাৎকালিক বর্তমানে ক্রিয়ার সঙ্গে পুংলিঙ্গ একবচনে 'रहा' (রহা) পুংলিঙ্গ বহুবচনে 'रहे' (রহে) যুক্ত হয় এবং স্ত্রীলিঙ্গ উভয় বচনেই 'रही' (রহী) যুক্ত

হয়। সাহায্যকারী ক্রিয়া বচন অনুসারে ব্যবহৃত হয়। যেমন—

একবচনে—हूँ (হুঁ), है (হ্যায়), हो (হো) ব্যবহৃত হয়।

বহুবচনে—हैं (হ্যাঁয়) ব্যবহৃত হয়।

३. पूर्ण वर्तमान काल (পূর্‌ড়ঁ ওয়রত্‌মান কাল)

পূর্ণ বর্তমান কাল

কোনও কাজ পূর্বে আরম্ভ হয়েছে এবং সবেমাত্র শেষ হয়েছে, তখনো তার রেশ চলছে, ক্রিয়ার এই কালকে পূর্ণ বর্তমান কাল বলে। যেমন—

मैं खाता हूँ । (ম্যাঁয় খাতা হুঁ।)—আমি খাচ্ছি।

हम खाते हैं । (হম্‌ খাতে হ্যাঁয়।)—আমরা খাচ্ছি।

वह खाता है । (ওয়হ্‌ খাতা হ্যায়।)—সে খাচ্ছে।

वे खाते हैं । (ওয়ে খাতে হ্যাঁয়।)—তারা (তাহারা) খাচ্ছে।

तु खाता है । (তু খাতা হ্যায়।)—তুই খাচ্ছিস।

উপরের বাক্যগুলি দ্বারা বোঝা যায় খাওয়া কাজটি সবেমাত্র শেষ হয়েছে বটে, তার রেশ এখনও চলছে। এজন্য একে পূর্ণ বর্তমান কাল বলে।

भुत काल (ভূত কাল)— অতীত কাল

भूत काल की क्रिया से बीते हुए समय का बोध होता है । (ভূত কাল কী ক্রিয়া সে বীতে-হুএ সময় কা বোধ হোতা হ্যায়।)— ভূত কালের ক্রিয়ার দ্বারা কাজটি শেষ হয়েছে বোঝায়। অর্থাৎ যে ক্রিয়া আগেই শেষ হয়ে গেছে বোঝায়, তাকে ক্রিয়ার ভূত কাল বলে। যেমন–

राम कल चला गया । (রাম কল্‌ চলা গয়া।)—রাম কাল চলে গেছে।

भारत स्वाधीन हो गया । (ভারত্‌ সওয়াধীন্‌ হো গয়া।)—ভারত স্বাধীন হয়ে গেছে।

এখানে প্রথম বাক্যে রামের যাওয়া কাজটি কালই শেষ হয়েছে বোঝা যাচ্ছে। দ্বিতীয় বাক্যে ভারত আগেই স্বাধীন হয়ে গেছে বোঝাচ্ছে। অতএব বাক্যগুলি ভূত কাল বা অতীত কাল।

हिन्दी में भूत काल को छः वर्ग में बांटा हुआ । (হিন্দী মেঁ ভূত কাল কো ছহ্‌ ওয়র্‌গ মেঁ বাঁটা হুআ।)—হিন্দীতে ভূত কালকে ছয়টি শ্রেণীতে ভাগ করা হয়েছে। যেমন— १. सामान्य भूत काल (সামান্য ভূত কাল)—সামান্য অতীত কাল। २. आसन्न भूत काल (আসন্ন ভূত

কাল)—আসন্ন অতীত কাল। ३. पूर्ण भूत काल (পূরড়ঁ ভূত কাল)—পূর্ণ অতীত। ४. सन्दिग्ध भूत काल (সন্দিগ্ধ ভূত কাল)—সন্দিগ্ধ অতীত কাল। ५. तात्कालिक भूत काल (তাৎকালিক ভূত কাল)—ঘটমান অতীত কাল। हेतु हेतुमद भूत काल (হেতু হেতুমদ ভূত কাল)—শর্তসাপেক্ষ অতীত কাল।

सामान्य भूत काल (সামান্ইয় ভূত কাল)— যে ক্রিয়ার দ্বারা কর্তার যাবার ধারণা জন্মে, তাকে সামান্য ভূত কাল বলে। যেমন—

वह चला (ওয়হ্‌ চলা)—সে চলল। हम चले (হম্‌ চলে)—আমরা যাই।

तुम चले (তুম চলে)—তুমি চললে। मैं जाता (ম্যাঁয় জাতা)—আমি যাই।

वे चले (ওয়ে চলে)—তারা চলল।

সামান্য ভূতকালে ক্রিয়ার ধাতুর সঙ্গে 'আ' যুক্ত করতে হয়। অর্থাৎ ক্রিয়ার ধাতুর সঙ্গে পুংলিঙ্গে 'আ' যুক্ত করলে এবং স্ত্রীলিঙ্গে 'ঈ' যুক্ত করলে, সামান্য ভূত কাল হয়। যেমন—

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
बोल+आ = बोला (বলল)	बोल+ई = बोली (বলল)
चल+आ = चला (চলল)	चल+ई = चली (চলল)
देख+आ = देखा (দেখল)	देख+ई = देखी (দেখল)

উপরোক্ত अ-कारान्त (অ-কারান্তে) ধাতুর সঙ্গে এইভাবে পুংলিঙ্গে—'आ' এবং স্ত্রীলিঙ্গে 'ई' যুক্ত করে সামান্য ভূত কালের ক্রিয়ায় পরিণত করা হয়।

কিন্তু যে সব ধাতুর সঙ্গে 'আ-কার' যুক্ত থাকে, অর্থাৎ আ-কারান্ত (আ-কারান্ত) ধাতুর সঙ্গে 'यी' বা 'ई' যুক্ত করে সামান্য ভূত কালে রূপান্তরিত করা হয়।

आसन्न भूत काल (আসন্ন ভূত কাল)

क्रिया के जिस रूपसे उस के पूरा होने का समय निकट में ही समझा जाता है, उसे आसन्न भूत काल कहते हैं । (ক্রিয়াকে জিস্‌ রূপসে উস্‌কে পূরা হোনে কা সময় নিকট মেঁ হী সমঝা জাতা হ্যায়, উসে আসন্ন ভূত কাল কহতে হ্যাঁয়।)—ক্রিয়ার যে রূপের দ্বারা কার্য্য সম্পন্ন হবার সময় খুব নিকটবর্তী জানা যায় বা বোঝা যায়, তাকেই আসন্ন ভূত কাল বলে। যেমন—

मैं खा चुका हूँ । (ম্যাঁয় খা চুকা হুঁ।)—আমি খেয়েছি।

हम खा चुका हैं । (হম্ খা চুকা হ্যাঁয়।)—আমরা খেয়েছি।

উপরোক্ত বাক্য দু'টির দ্বারা বোঝা যায় 'খাওয়া' ক্রিয়াটি চলছে বা শুরু হতে চলেছে। এজন্য এগুলি আসন্ন ভূত কাল।

पूर्ण भूत काल (পূর্ণ ভূত কাল)

এই ক্রিয়ার বাক্যগুলি অতীত কালের মতো শোনালোও প্রকৃতপক্ষে এই সব বাক্য পূর্ণ ভূত কালের। যেমন—

मैं खाया था । (ম্যাঁয় খায়া থা।)—আমি খেয়েছিলাম।

हम खाये थे । (হম্ খায়ে থে।)—আমরা খেয়েছিলাম।

तु खाया था । (তু খায়া থা।)—তুই খেয়েছিস।

উপরোক্ত বাক্যগুলিতে 'খাওয়া' ক্রিয়াটি শেষ হয়েছে বোঝা যাচ্ছে। অর্থাৎ এখানে ক্রিয়া কার্য সম্পূর্ণ হয়েছে জানা যাচ্ছে। এজন্য এগুলি পূর্ণ ভূত কাল।

सन्दिग्ध भूत काल (সন্দিগ্ধ ভূত কাল)

जिस भूत काल की क्रिया के होने में, सन्देह हो उसे सन्दिग्ध भूत काल कहते हैं । (জিস ভূতকাল কী ক্রিয়াকে হোনে মেঁ সন্দেহ্ হো, উসে সন্দিগ্ধ ভূত কাল কহ্তে হ্যাঁয়।)—যে সকল ভূত কালের ক্রিয়ায় সন্দেহ হয়, তাকে সন্দিগ্ধ ভূত কাল বলে। যেমন—

मैंने देखा होगा । (ম্যাঁয়নে দেখা হোগা।)—আমি হয়তো দেখেছিলাম।

हमने देखे होंगे । (হম্নে দেখে হোঙ্গে।)—আমরা হয়তো দেখেছিলাম।

উপরোক্ত বাক্য দু'টিতে দেখা ক্রিয়াটিতে সন্দেহ আছে। এজন্য একে বলা হয় সন্দিগ্ধ ভূত কাল।

সন্দিগ্ধ ভূত কালে পুংলিঙ্গ একবচনে ক্রিয়ার সঙ্গে होगा' প্রত্যয় যুক্ত হয় এবং পুংলিঙ্গ বহুবচনে—होंगे' যুক্ত হয়। স্ত্রীলিঙ্গ উভয় বচনে ক্রিয়ার সঙ্গে ई' যুক্ত হয় ও প্রত্যয়ের সঙ্গে होगी (হোগী) होंगी (হোঙ্গী) যুক্ত হয়। যেমন—

मैंने देखी होगी । (ম্যাঁয়নে দেখী হোগী।)—আমি হয়তো দেখেছিলাম।

हमने देखी होंगी । (হম্নে দেখী হোঙ্গী।)—আমরা হয়তো দেখেছিলাম।

तात्कालिक भूत काल (তাৎকালিক ভূত কাল)

जिस क्रिया से यह समझ में आता है कि भूत काल के क्रिया

चल रहा है, उसे तात्कालिक भुत काल कहते हैं । (জিস্ ক্রিয়া সে ইয়হ্ সমঝ মেঁ আতা হ্যায় কি ভূত কাল কে ক্রিয়া চল্ রহা হ্যায়, উসে তাৎকালিক ভূত কাল কহ্তে হ্যাঁয়।)—যে ক্রিয়ার দ্বারা এই বোঝা যায় যে, ভূত কালের ক্রিয়া চলছে, তাকে তাৎকালিক ভূত কাল বলে। যেমন—

मैं खा रहा था । (ম্যাঁয় খা রহা থা।)—আমি খাচ্ছিলাম।

हम खा रहे थे । (হম্ খা রহে থে।)—আমরা খাচ্ছিলাম।

উপরোক্ত বাক্য দু'টিতে 'খাওয়া' ক্রিয়াটি চলছে বোঝা যাচ্ছে, এজন্য একে তাৎকালিক ভূত কাল বলা হয়।

তাৎকালিক ভূত কালে ক্রিয়ার সঙ্গে পুংলিঙ্গ একবচনে था' (থা) ও বহুবচনে थे' (থে) যুক্ত করে এবং সাহায্যকারী ক্রিয়ার সঙ্গে रहा' (রহা) 'रहे', (রহে) যুক্ত করতে হয়।

স্ত্রীলিঙ্গ একবচনে সাহায্যকারী ক্রিয়ার সঙ্গে ई' (ঈ) ও थी' (থী), ও বহুবচনে সাহায্যকারী ক্রিয়ার সঙ্গে ई' (ঈ) ও थीं (থীঁ) যুক্ত করে তাৎকালিক ভূত কাল করা হয়। যেমন—

मैं खा रही थी । (ম্যাঁয় খা রহী থী।)—আমি খাচ্ছিলাম।

हम खा रही थीं । (হম্ খা রহী থীঁ।)—আমরা খাচ্ছিলাম।

हेतु हेतुमद भूत काल (হেতু হেতুমদ ভূত কাল)

जिस भूत काल में एक क्रिया का होना दूसरी क्रिया अवलम्बित हो, उसे हेतु हेतुमद भूत काल कहते हैं । (জিস্ ভূত কাল মেঁ এক ক্রিয়া কা হোনা দূসরী ক্রিয়া অবলম্বিত হো, উসে হেতু হেতুমদ ভূত কাল কহ্তে হ্যাঁয়।)—যে সমস্ত ভূত কালের ক্রিয়া সম্পন্ন হবার জন্য অপর ক্রিয়ার উপর নির্ভর করে, তাকে হেতু হেতুমদ ভূত কাল বলে। যেমন—

यदि मैं खेलता । (ইয়দি ম্যাঁয় খেল্তা।)—যদি আমি খেলতাম।

यदि हम खेलते । (ইয়দি হম্ খেল্তে।)—যদি আমরা খেলতাম।

স্ত্রীলিঙ্গে এই ক্রিয়ার রূপ হয় নিম্নরূপ—

यदि मैं खेलती । (ইয়দি ম্যাঁয় খেল্তী।)—যদি আমি খেলতাম।

यदि हम खेलती । (ইয়দি হম্ খেল্তী।)—যদি আমরা খেলতাম।

উপরোক্ত বাক্যগুলিতে ক্রিয়া সম্পূর্ণ হয় নাই অন্য কোনও ক্রিয়ার অপেক্ষায় আছে। সেজন্য একে হেতু হেতুমদ ভূত কাল বলে। বাক্যগুলি লক্ষ্য করলে দেখা যাবে এই ক্রিয়ার পুংলিঙ্গ একবচনে ক্রিয়ার সঙ্গে 'आ' (আ) এবং বহুবচনে 'ए' (এ) যুক্ত হয়েছে। আবার স্ত্রীলিঙ্গ একবচনে 'ती' (তী) ও বহুবচনে 'ती' (তী)—যুক্ত হয়েছে।

सामान्य भूत काल (সামান্য ভূত কাল)

পুংলিঙ্গ একবচনে—मैं, तु, तुम वह, आप, उसने एक सेब खाया। (ম্যাঁয়, তু, তুম, ওয়হ, আপ, উস্‌নে এক সেব খায়া।)—আমি, তুই, তুমি, সে আপনি, সে একটি আপেল খেয়েছি বা খেয়েছে।

পুংলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग, आपलोग, वे, बहुत, सेबों खाये (হম্‌ তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে, বহুত সেবোঁ খায়ে।)—আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক আপেল খেয়েছি বা খেয়েছে।

স্ত্রীলিঙ্গ একবচনে—मैं तु, तुम, वह, आप, उसने एक सेब खायी। (ম্যাঁয়, তু, তুম্‌, ওয়হ, আপ, উস্‌নে এক সেব খায়ী।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি আপেল খেয়েছে বা খেয়েছি।

স্ত্রীলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहुत सेबों खाया है। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত সেবোঁ খায়া হ্যায়।)— আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক আপেল খেয়েছে বা খেয়েছি।

आसन्न भूत काल (আসন্ন ভূত কাল)

পুংলিঙ্গ একবচনে—मैं, तु, तुम वह, आप, उसने एक खाया है। (ম্যঁয়, তু, তুম, ওয়হ, আপ, উস্‌নে এক ফল খায়া হ্যায়।)—আমি, তুই, তুমি, সে আপনি, সে একটি ফল খেয়েছে।

পুংলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग. आपलोग, वे बहुत फलों खाये है। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে, বহুত ফলোঁ খায়ে হ্যায়।) —আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছে বা খেয়েছি।

স্ত্রীলিঙ্গ একবচনে—मैं तु, तुम, वह, आप, उसने एक फल खायी है। (ম্যাঁয়, তু, তুম্‌, ওয়হ, আপ, উসনে এক ফল খায়ী হ্যায়।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি ফল খেয়েছে বা খেয়েছি।

স্ত্রীলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहुत फलों खाया है। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়া হ্যায়।)-- আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছে বা খেয়েছি।

पूर्ण भुत काल (পূর্ণ ভূত কাল)

পুংলিঙ্গ একবচনে—मैं, तु, तुम, वह, आप, उसने एक फल खाया था। (ম্যাঁয়, তু, তুম, ওয়হ, আপ, উস্‌নে এক ফল খায়া থা।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি ফল খেয়েছিল বা খেয়েছি।

পুংলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खाये थे। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে, বহুত ফলোঁ খায়ে থে।)—আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছিলাম বা খেয়েছিল।

স্ত্রীলিঙ্গ একবচনে—मैं, तु, तुम वह, आप, उसने एक फल खायी थी। (ম্যাঁয়, তু, তুম্‌, ওয়হ, আপ, উস্‌নে এক ফল খায়ী থী।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি ফল খেয়েছি বা খেয়েছিলাম।

স্ত্রীলিঙ্গ বহুবচনে—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खायी थीं। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ী থীঁ।)— আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছি বা খেয়েছিলাম।

सन्दिग्ध भूत काल (সন্দিগ্ধ ভূত কাল)

পুংলিঙ্গ একবচন—मैंने, तुने, तुमने, वह, आप, उसने एक फल खाया होगा। (ম্যাঁয়নে, তুনে, তুমনে, ওয়হ, আপ, উস্‌নে এক ফল খায়া হোগা।)—আমি, তুই, তুমি, সে, আপনি, তিনি একটি ফল হয়তো খেয়েছি বা খেয়েছিল।

পুংলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खाये होंगे। (হম্‌, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ে হোঙ্গে।) —আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল হয়তো খেয়েছিল বা খেয়েছিলাম।

স্ত্রীলিঙ্গ একবচন- मैंने, तुने, तुमने, वह, आप, उसने एक फल

খায়ী হোগী। (ম্যাঁয়নে, তূনে, তুম্‌নে, ওয়হ্, আপ, উস্‌নে এক ফল খায়ী হোগী।) —আমি, তুই, তুমি, সে, আপনি, তিনি একটি ফল হয়তো খেয়েছি বা খেয়েছিলাম।

স্ত্রীলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खायी होगी। (হম্, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ী হোগী।) —আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল হয়তো খেয়েছি বা খেয়েছিলাম।

सम्भाव्य भूत काल (সম্ভাব্য ভূত কাল)

পুংলিঙ্গ একবচন—मैं, तु, तुमने, वह, आप, उसने एक फल खाया हो। (ম্যাঁয়, তু, তুম্‌নে, ওয়হ্, আপ, উস্‌নে এক ফল খায়া হো।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি ফল খেয়েছি বা খেয়েছ।

পুংলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खाये हो। (হম্, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ে হো।)—আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছি বা খেয়েছ।

স্ত্রীলিঙ্গ একবচন—मैं, तु, तुमने, वह, आप, उसने एक फल खायी हो। (ম্যাঁয়, তু, তুম্‌নে, ওয়হ্, আপ, উস্‌নে এক ফল খায়ী হো।)—আমি, তুই, তুমি, সে, আপনি, সে একটি ফল খেয়েছি বা খেয়েছ।

স্ত্রীলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खायी हो। (হম্, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ী হো।)—আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছি বা খেয়েছ।

सम्भाव्य पूर्ण भूत काल (সম্ভাব্য পূর্ণ ভূত কাল)

পুংলিঙ্গ একবচন—मैं, तु, तुम, आप, उसने एक फल खाया होगा। (ম্যাঁয়, তু, তুম্, আপ, উস্‌নে ফল খায়া হোগা।)—আমি, তুই, তুমি, আপনি, সে একটি ফল খেয়েছি বা খেয়েছ।

পুংলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खाया होगा। (হম্, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়া হোগা।)—আমরা, তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছি বা খেয়েছে।

স্ত্রীলিঙ্গ একবচন—मैं, तु, तुम, आप, उसने एक फल खायी

होगी। (ম্যাঁয়, তু, তুম্, আপ, উস্‌নে ফল খায়ী হোগী।)—আমি, তুই, তুমি, আপনি, সে একটি ফল খেয়েছি বা খেয়েছে।

স্ত্রীলিঙ্গ বহুবচন—हम, तु सब, तुमलोग, आपलोग, वे बहूत फलों खायी होगी। (হম্, তু সব, তুমলোগ, আপলোগ, ওয়ে বহুত ফলোঁ খায়ী হোগী।)—আমরা তোরা, তোমরা, আপনারা, তারা অনেক ফল খেয়েছি বা খেয়েছে।

सम्भाव्य भविष्यत (সম্ভাব্য ভওয়িষ্যত)

मैं चलुँ। (ম্যায় চলুঁ।)—আমি চলবো। हम चले। (হম্ চলে।)—আমরা চলবো।

तुम चलो। (তুম্ চলো?)—তুমি কি চলবে?

वह चला। (ওয়হ্ চলা?)—সে কি চলবে? तु चल। (তু চল্?)—তুই কি চলবি?

पाठ—९ (পাঠ—৯)

क्रिया विशेषण (ক্রিয়া ওয়িশেষণ)—ক্রিয়া বিশেষণ

जो पद क्रिया की विशेषता बताता है, उसे क्रिया विशेषण कहते हैं। (জো পদ ক্রিয়া কী ওয়িশেষতা বতাতা হ্যায়, উসে ক্রিয়া ওয়িশেষণ কহ্‌তে হ্যাঁয়।)— যে অব্যয় বা পদ ক্রিয়ার বিশেষতা জ্ঞাপন করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে।

श्याम जल्दी आता है। (শ্যাম জলদী আতা হ্যায়।)—শ্যাম তাড়াতাড়ি আসে।

सीता हमेशा आती है। (সীতা হমেশা আতী হ্যায়।)—সীতা প্রায়ই আসে।

উপরের বাক্য দুটিতে 'जलदी' (জলদী) এবং 'हमेशा' (হমেশা) শব্দ দুটির দ্বারা आता है (আতা হ্যায়) ও आती है (আতী হ্যায়) ক্রিয়া দুটির বিশেষতা প্রকাশ পাচ্ছে। অর্থাৎ শ্যাম কেমন ভাবে আসে—जल्दी (জলদী) তাড়াতাড়ি; আবার সীতা কেমন ভাবে আসে: 'हमेशा' (হমেশা)—প্রায়ই। এজন্য একে ক্রিয়ার বিশেষণ বলা হয়।

अव्यय (অব্যয়)—অব্যয়

जिस शब्द में विकार नहीं होता, उसे अव्यय कहते हैं। (জিস্